

Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 24 April, 2025

ভারতশাসিত কাশ্মীরের পেহেলগামে পর্যটকদের ওপর ভয়াবহ বন্দুক হামলার তীব্র নিন্দা জানিয়ে কড়া ভাষায় প্রতিবাদ করেছিলেন। আর ঠিক এরপরই প্রাণনাশের হুমকি পেলেন ভারতীয় ক্রিকেট দলের প্রধান কোচ গৌতম গম্ভীর। ‘আইএস কাশ্মীর’ নামের একটি সশস্ত্র সংগঠন ইমেইলের মাধ্যমে তাকে এই হুমকি পাঠিয়েছে।

বুধবার (২৩ এপ্রিল) দুপুরে এবং বিকেলে দুটি আলাদা ইমেইলে গৌতম গম্ভীরকে এই হুমকি পাঠানো হয়েছে। দুটি ইমেইলেরই মূল বার্তা ছিল অত্যন্ত সংক্ষিপ্ত, কিন্তু ভয়াবহ। ইমেইলটিতে লেখা ছিল- ‘আইকিলইউ’, যার অর্থ ‘আমি তোমাকে হত্যা করবো।’

এই হুমকি বার্তাগুলো পাওয়ার পরপরই কোনোরকম দেরি না করে গৌতম গম্ভীর দিল্লির রাজেন্দ্র নগর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেন। তিনি সেন্ট্রাল দিল্লির ডিসিপি কেও দ্রুত বিষয়টি অবহিত করেন এবং নিজের ও তার পরিবারের সদস্যদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য জরুরি পদক্ষেপ নেওয়ার অনুরোধ জানান।

অভিযোগ হাতে পাওয়ার পরপরই দিল্লি পুলিশ নড়েচড়ে বসেছে এবং দ্রুত তদন্ত শুরু করেছে। কারা এই ইমেইলগুলো পাঠিয়েছে, কোথা থেকে পাঠানো হয়েছে এবং এই হুমকির পেছনে কারা জড়িত সে সব খুঁজে বের করার চেষ্টা চলছে। পুলিশ সূত্রে জানা গেছে, গৌতম গম্ভীর শুধু ভারতীয় দলের কোচই নন, তার একটি রাজনৈতিক পরিচয়ও রয়েছে (তিনি বিজেপির সাবেক সাংসদ এবং বর্তমানে দলের সদস্য)। পুলিশ ধারণা করছে, তার এই রাজনৈতিক পরিচয়ের কারণেই হয়তো তিনি এমন সশস্ত্র গোষ্ঠীর ‘হিটলিস্টে’ থাকতে পারেন। দিল্লি পুলিশ জানিয়েছে, গৌতম গম্ভীর এবং তার পরিবারের নিরাপত্তা ইতিমধ্যে বাড়ানো হয়েছে।

প্রসঙ্গত, মঙ্গলবার (২২ এপ্রিল) পেহেলগামে নিরীহ পর্যটকদের ওপর বন্দুক হামলার ঘটনার পরপরই সামাজিক মাধ্যমে তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত করেছিলেন গৌতম গম্ভীর। তিনি বলেছিলেন, ‘মৃতদের পরিবারের প্রতি আমাদের গভীর সমবেদনা। যারা এই জঘন্য কাজের জন্য দায়ী, তাদের অবশ্যই মূল্য চোকাতে হবে। ভারত পাল্টা আঘাত হানবেই। তার এই মন্তব্যের পরেই তাকে এই হুমকি দেওয়া হলো।

তবে এবারই প্রথম নয়, গৌতম গম্ভীরকে এর আগেও ২০২১ সালে হত্যার হুমকি দেওয়া হয়েছিল, তখন তিনি সাংসদ ছিলেন। সেই সময়েও তিনি পুলিশের কাছে অভিযোগ জানিয়েছিলেন।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:59

URL: <https://timestodaybd.com/sports/1366775807>